

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮০

ধর্মনগর, ২৯ জুন, ২০২৪

জলে ডুবা প্রতিরোধে ধর্মনগরে মহড়া

জলে ডুবা প্রতিরোধে আজ ধর্মনগরের নয়াপাড়া কালিবাড়ি দিঘীতে এক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় উপস্থিত ছিলেন ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, অতিরিক্ত মহকুমা শাসক সজল দেবনাথ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। মহড়ায় জলে ডুবা ব্যক্তিকে উদ্ধার ও উদ্ধার কাজের সাথে কর্মীদের প্রস্তুত রাখতে এই মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় টিএসআর জওয়ান, অগ্নি ও জরুরী পরিষেবা দপ্তরের কর্মী, এনএসএস স্বেচ্ছাসেবী, সিভিল ডিফেন্স কর্মী, আপদামিত্র ও রেডক্রস সোসাইটির স্বেচ্ছাসেবীরা অংশ নেন।
